

অধ্যক্ষ,

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল গার্হস্থ্য অর্থনীতি কলেজ

বিষয় :- ২০২১ সনের ১ম বর্ষ বি.এসসি সম্মান গার্হস্থ্য অর্থনীতি (বিশেষ) পরীক্ষার ফরম পূরণ ও ফিস জমা দেওয়া প্রসঙ্গে।

জনাব,

২০২১ সনের ১ম বর্ষ বি.এসসি সম্মান গার্হস্থ্য অর্থনীতি (বিশেষ) পরীক্ষায় অংশগ্রহণ করিতে ইচ্ছুক আপনার কলেজের পরীক্ষার্থীদের ফরমপূরণ ও ফিস বিনা বিলম্ব ফিসে আগামী ২১/০৩/২০২৩ তারিখের মধ্যে অনলাইনে সম্পন্ন করিয়া ফরমসমূহ স্ব-স্ব কলেজ অফিসে সংরক্ষণ ও ফিস অত্র অফিসে জমা দেওয়ার ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হইল। “[www.ducmc.com](http://www.ducmc.com)” এই লিংকে প্রবেশ করে ফরমপূরণের সকল কার্যক্রম শিক্ষার্থী নিজেই সম্পন্ন করিতে পারিবে।

উল্লেখ্য যে, ২১/০৩/২০২৩ তারিখের পর সার্ভার স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাইবে তাই আর কোন পরীক্ষার্থীর ফরমপূরণ ও ফিস জমা নেওয়া সম্ভব হইবে না।

### পরীক্ষার ফিস ও অন্যান্য ফিসের হার

- (ক) প্রত্যেক পরীক্ষার্থীর পরীক্ষার ফিস -----৩০০০/০০ (তিন হাজার) টাকা।  
 (খ) ফলোন্সন প্রতি কোর্সের পরীক্ষার ফিস -----১,৫০০/০০ (এক হাজার পাঁচশত) টাকা।  
 (গ) প্রত্যেক পরীক্ষার্থীর নম্বরপত্র ফিস-----৪৫০/০০ (চার শত পঞ্চাশ) টাকা।  
 (ঘ) প্রত্যেক পরীক্ষার্থীর নন-কলেজিয়েট ফিস -----২,২৫০/০০ (দুই হাজার দুইশত পঞ্চাশ) টাকা।  
 (নন-কলেজিয়েট পরীক্ষার্থীর ক্ষেত্রে প্রযোজ্য)  
 (ঙ) প্রত্যেক পরীক্ষার্থীর কেন্দ্র ফিস-----৭৫০/০০ (সাত শত পঞ্চাশ) টাকা।  
 (চ) অনিয়মিত প্রত্যেক পরীক্ষার্থীর রিটেনশন ফিস-----৭৫০/০০ (সাত শত পঞ্চাশ) টাকা।

### নিম্নোক্ত নিয়মাবলী অনুসারে ফরম ও ফিস দাখিল করিতে হইবে :

- ১। দেয় ফিসের টাকা “Fees from the Constituent College” এই শিরোনামে পে-অর্ডার/ডিডি তৈয়ার করিয়া জমা দিতে হইবে। পে-অর্ডার/ডিডি অবশ্যই হিসেবে দেয় (A/C Payee) হইতে হইবে। সোনালী, জনতা ও অগ্রণী ব্যাংক ছাড়া অন্য কোন ব্যাংকের পে-অর্ডার জমা দেওয়া যাইবে না।
- ২। প্রত্যেক বিষয়ের ক্লাশে ছাত্র/ছাত্রীদের কমপক্ষে ৭৫% হাজিরা থাকিতে হইবে। যে সকল পরীক্ষার্থীরা ক্লাশে উপস্থিতি ৬০%-৭৪% এর মধ্যে আছে সেই সকল ছাত্রীকে “নন- কলেজিয়েট” ছাত্রী হিসাবে গণ্য করিতে হইবে এবং “নন- কলেজিয়েট ” ফিস প্রদান করিতে হইবে। যে সকল পরীক্ষার্থীরা ক্লাশে উপস্থিতি ৬০% এর কম আছে সে সকল ছাত্রীকে “ডিস- কলেজিয়েট” ছাত্রী হিসাবে গণ্য হইবে। “ডিস- কলেজিয়েট” ছাত্রীরা পরীক্ষায় অংশ গ্রহণ করিতে পারিবে না। অনলাইনে ফরমপূরণ সম্পন্ন করার পর কলেজ কর্তৃপক্ষ পরীক্ষার্থীকে “Verify” করিবেন।
- ৩। যে সকল পরীক্ষার্থী দ্বিতীয় বারে কোন পরীক্ষায় অংশগ্রহণ করিবে সেই সকল পরীক্ষার্থীকে “Irregular” পরীক্ষার্থী হিসেবে গণ্য করিতে হইবে এবং রিটেনশন ফিস পরিশোধ করিতে হইবে।
- ৪। যে সকল পরীক্ষার্থী প্রথম বারে কোন পরীক্ষায় অংশগ্রহণ করিবে সেই সকল পরীক্ষার্থীর রিটেনশন ফিস পরিশোধ করিতে হইবে না। ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন ব্যতীত কোন পরীক্ষার্থীর ফরম ও ফিস জমা দেওয়া যাইবে না।
- ৫। পরীক্ষার্থী অনলাইনে ফরমপূরণের পর পূরণকৃত ফরম ডাউনলোড করিতে হইবে। ডাউনলোডকৃত ফরমে পরীক্ষার্থী স্বাক্ষর করিয়া কলেজে জমা দিতে হইবে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

- ৬। কলেজ কর্তৃক “Verify” কৃত পরীক্ষার্থী চূড়ান্ত পরীক্ষার্থী হিসেবে গণ্য হইবে। শুধু তাহারাই “Admit Card” ডাউনলোড করিতে পারিবে। ডাউনলোডকৃত “Admit Card” কলেজের অধ্যক্ষ মহোদয় সত্যায়িত করিয়া পরীক্ষার্থীদের নিকট হস্তান্তর করিবেন।
- ৭। ফরমে উল্লিখিত বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে/বিষয়সমূহে পরীক্ষায় অংশগ্রহণ করিলে প্রদত্ত পরীক্ষা বাতিল বলিয়া গণ্য হইবে।
- ৮। ফিস্ দাখিলের ক্ষেত্রে ডাকযোগে না পাঠাইয়া কলেজের লোক মারফত অত্র অফিসে দাখিল করিতে হইবে। এই জন্য কোন টি.এ./ডি.এ. দেওয়া হইবে না।
- ৯। ফরওয়ারডিং লেটার এর মাধ্যমে ডিডি/পে-অর্ডার জমা দিতে হইবে এবং ফিসের হিসাবের বিস্তারিত বিবরণ উল্লেখ করিতে হইবে। কলেজের অধিভুক্তি নবায়নের ফটোকপি সত্যায়িত করিয়া জমা দিতে হইবে।
- ১০। সোনালী, জনতা ও অগ্রণী ব্যাংক ছাড়া অন্য কোন ব্যাংকের ডিডি/পে-অর্ডার জমা দেওয়া যাইবে না।
- ১১। প্রশাসনিক কাজের সুবিধার্থে সকল পরীক্ষার্থীর ফিস্ একবারে প্রেরণ করিতে হইবে। ফিস্ বার বার প্রেরণ করা যাইবে না।
- ১২। ফরওয়ারডিং লেটার এর মাধ্যমে প্রত্যেক পরীক্ষার্থীর এন্ট্রি ফরম বাবদ জনপ্রতি ১০০/- (একশত) টাকা করে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার “Controller of Examinations (33011288)” শিরোনামে অত্র অফিসে জমাদানের জন্য অনুরোধ করা যাইতেছে। নগদ/চেক কোন অবস্থাতেই গ্রহণযোগ্য হইবে না।

প্রশাসনিক ভবন,  
ঢাকা বিশ্ববিদ্যালয়।  
ঢাকা-১০০০।

মেমো নং- ১৬৩৪/মে. সে./প./৩৩৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল।

- ১। মাননীয় ডিন, জীব বিজ্ঞান অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।

আপনার বিশস্ত  
স্বাক্ষর/-  
(মোঃ বাহালুল হক চৌধুরী)  
পরীক্ষা নিয়ন্ত্রক  
ঢাকা বিশ্ববিদ্যালয়।  
তারিখঃ ২০/০৩/২০২৩

  
(মোঃ বাহালুল হক চৌধুরী)

পরীক্ষা নিয়ন্ত্রক  
ঢাকা বিশ্ববিদ্যালয়।

